

পরীক্ষা

২ জুলাই শুরু এইচএসসি

প্রকাশ: ১৮ এপ্রিল ২০২৬, ১৫: ২৩



এইচএসসি পরীক্ষা

২০২৬ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ জুলাই থেকে শুরু হবে। আজ শনিবার (১৮ এপ্রিল) ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের একজন কর্মকর্তা এ তথ্য জানিয়েছেন। বাংলাদেশে প্রতিবছর প্রায় ১২-১৩ লাখ পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেয়। এর আগে আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড ৭ জুন থেকে পরীক্ষা শুরুর প্রাথমিক সিদ্ধান্ত নিলেও পরে তা পরিবর্তন করে ২ জুলাই নির্ধারণ করা হলো।

